

শিউলী পরী

শিউলী ঝরা সকাল বেলা,
শিউলী তলে ক'জন মোরা ।
শরৎকালে ভোর সকালে,
জেগে উঠি পাখির ডাকে,
সূর্যি মামা জাগার আগে ।
সকাল বেলা শিউলী ঝরা,
শিউলী তলে গিয়ে মোরা,
দূর্বাঘাসে ঝরে পরা,
ঝুড়ি ভরি শিউলী ফুলে,
মালা গেঁথে দেই চুলে ।
শিউলী ঝরা সকাল বেলা,
বসেছে শিউলী ফুলের মেলা ।
পাঁপড়ি সাদা বোটা কমলা,
ফুল দিয়ে মোরা গাঁথি যে মালা ।
শিউলী তলে আমরা ক'জন মেয়ে,
নুপুর পরা পায়ে
রঙিন জামা গায়ে ।
ফুল কুড়াতে আসছি মোরা,
শরৎকালের ভোর সকালে ।
গলায় দিয়েছি শিউলী মালা,
হাতে শিউলী চুড়ি
দেখতে মোদের লাগছে ভারী—
“যেন আকাশ থেকে নেমেছে,
ক'জন শরৎকালের শিউলী পরী” ।।